যায়যায়দিন

তারিখ 30 NOV 2006

### শাবিতে মাস্টার্স কোর্স চালুর দাবি

# ৬ ডিসেম্বর থেকে লাগাতার ধর্মঘটের হুমকি শিক্ষার্থীদের

শাহজালাল ইউনিভার্সিটি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে মাস্টার্স কোর্স চালু নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। প্রায় এক বছর আগে অনার্স কোর্স শেষ হলেও এখন পর্যন্ত মাস্টার্সের ক্লাস চালু হয়নি। সময় মতো মাস্টার্স কোর্স চালু না হওয়ার ফলে তিন বছরের সেশন জট বৃদ্ধির আশঙ্কা দেখা দিয়েছে। মাস্টার্স কোর্স চালুর দাবিতে আগামী ৫ ডিসেম্বর পর্যন্ত সময় বেধে দিয়েছেন শিক্ষার্থীরা। ৬ ডিসেম্বর থেকে লাগাতার ধর্মঘটের হুমকি দিয়েছেন তারা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, ১৯৯৯-২০০০ সেশন থেকে চার বছরের অনার্স কোর্স চালু হয়। ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা চলতি বছরের জানুয়ারি মাসে অনার্স কোর্স শেষ করেন। ইউনিভার্সিটির নিয়ম অনুযায়ী অনার্স কোর্স শেষ করার পর পরই মাস্টার্স কোর্স চালু হওয়ার কথা। কিন্তু সিলেবাস প্রণয়ন না হওয়া এবং প্রয়োজনীয় শিক্ষক না থাকায় কোনো বিভাগেই সময় মতো মাস্টার্স কোর্স চালু করা সম্ভব হয়নি। ইতিমধ্যে আড়াই মাসের সেশন জটে পড়েছেন শিক্ষার্থীরা। মাস্টার্স কোর্স চালুর জন্য এক বছর ধরে দাবি জানিয়ে আসছেন ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা। তারা গত ৬ নভেম্বর ইউনিভার্সিটির ভিসির সঙ্গে দেখা করে ১৪ নভেম্বর বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগীয় প্রধানদের সঙ্গে মতবিনিময় করেন। পরে ২০ নভেম্বর আবারও ভিসির সঙ্গে দেখা করে দ্রুত মাস্টার্স কোর্স চালুর দাবি জানান। শিক্ষার্থীরা গত ২১ নভেম্বর সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করে আগামী ৫ ডিসেম্বরের মধ্যে মাস্টার্স কোর্স চালুর জন্য ইউনিভার্সিটির প্রশাসনকে সময় বেধে দিয়েছেন। এর মধ্যে মাস্টার্স কোর্স চালু না হলে ৬ ডিসেম্বর থেকে লাগাতার ধর্মঘটের হুমকি দিয়েছেন।

এ ব্যাপারে ভিসি ড. এম আমিনুল ইসলাম জানিয়েছেন, বিভিন্ন কারণে সময় মতো মাস্টার্স কোর্স চালু করা সম্ভব হয়নি। তবে ভর্তি প্রক্রিয়া ৩ ডিসেম্বর থেকে শুরু হচ্ছে। বিভিন্ন বিভাগে শিগগিরই ক্লাসও চালু হবে। পাশাপাশি যেসব বিভাগে মাস্টার্সের সিলেবাস তৈরি হয়নি, যতো দ্রুত সম্ভব সেসব বিভাগের সিলেবাসও তৈরি হবে বলে তিনি জানান।